গাংনীতে উপজেলা আওয়ামী প্রজন্মলীগের পরিচিতিসভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার আওয়ামী প্রজন্মলীগের পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে গাংনী উপজেলা পরিষদের অডিটরিয়াম হলে এ পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিৎ থেকে বক্তব্য রাখেন সাবেক এমপি,জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

উপজেলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের আহবায়ক নুরুল ইসলামের সভাপতিত্বে ও জেলা কৃষকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ এর সঞ্চালনায় আলোচনা সভা উদ্বোধন করেন জেলা আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের আহবায়ক মজিবুল হক জোয়ার্দার,

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা মুক্তিডেযাদ্ধা প্রজন্ম লীগের যুগ্ম আহবায়ক তরিকুল ইসলাম (রাজিব), বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সাধারন সম্পাদক আনারুল ইসলাম বাবু,

জেলা কৃষকলীগের সাধারন সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক শফি কামাল পলাশ, উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম, উপজেলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের যুগ্ম আহবায়ক রফিকুল ইসলাম প্রমুখ।

- গাংনী প্রতিনিধি

সৌদিতে বন্দি মেহেরপুরের ১৭ জন

ভাগ্যের চাকা ঘোরাতে মেহেরপুর জেলার গাংনী উপজেলার ১৭ জন শ্রমিক সৌদিতে পাড়ি জমায়। জমি জায়গা বিক্রি করে শেষ সম্বল টুকু আদম দালালের হাতে তুলে দিলেও কাজ না পেয়ে মানবেতর জীবন যাপন করছে ১৭ জন অসহায় শ্রমিক।

আদম দালালর খপ্পরে পড়ে প্রতারনার শিকার হয়ে অনাহারে অর্ধাহারে দিন পার করছে এই সব শ্রমিক।
এদের মধ্যে অনেককেই বাড়ি থেকে টাকা পাঠিয়ে বাড়ি ফেরত আনা হলেও বন্দি রয়েছে ১৭ জন। বন্দিদের ফিরিয়ে আনার জন্য আদম দালাল নাহিদের কাছে ধর্ণা দিলেও কোন লাভ হয়নি।

জানা গেছে, ক্লিনারের কথা বলে প্রতিজনের নিকট থেকে ৬ লাখ টাকা করে নিয়ে সৌদি আরবে পাঠিয়েছেন আদম দালাল নাহিদ। গাংনী উপজেলার হিজল বাড়িয়া গ্রামের ইয়াছিন আলীর ছেলে নাহিদ।
নাহিদ বিভিন্নভাবে এলাকার সাধারণ মানুষকে ফুসলিয়ে ভুয়া ভিসায় সৌদিতে নিয়ে যায় বলে অভিযোগ উঠেছে। তার প্রতারণার শিকারে অনেকেই সর্ব শান্ত হয়েছে জানা গেছে।
প্রতারনার শিকার হওয়ার স্বজনদের কাছ থেকে জানা যায়, সৌদি আরবে যাওয়ার দশ দিন পর মোবাইল ফোনে খবর আসে তাদেরকে ইয়ারপোর্ট থেকে কেউ রিসিভ করতে আসেনি একদিন পর তারা নিজেরাই উদ্দেশ্য বিহীন ভাবে ইয়ারপোর্ট থেকে বেরিয়ে পড়ে।

পরে আদম দালাল তাদের ভূয়া কোম্পানির ভিসা দিয়েছে বলে জানতে পারে। যে কোম্পানির ভিসা দেওয়া হয়েছে সেই নামের নাকি কোন কোম্পানি সেখানে নেই। কোম্পানির কোন ঠিকানা বা কোন কাজ না পেয়ে গত দুই মাস যাবৎ অনাহারে অর্ধাহারে কোন রকম বেঁচে আছে তারা।

আজ কাল করে ২মাস যাবৎ একটি ঘরের মধ্যে বন্দি করে রেখেছে কোন খাবার ও দেওয়া হচ্ছেনা। যারা সৌদিতে আটকা পড়ে আছে তারা হলো, গাংনী উপজেলার হিজল বাড়িয়া গ্রামের জামাল হোসেনের ছেলে উজ্জল

হোসেন, মহিরুদ্দিনের ছেলে ইলিয়াস হোসেন, আব্দুর রহমানের ছেলে টুকু, রশিদ শেখের ছেলে রুবেল হোসেন, কিয়ম মোল্লার ছেলে শফি, একই উপজেলার কালী গাংনী গ্রামের ইয়ার বক্সের ছেলে নিফাজ উদ্দিন, জামাল হোসেনের ছেলে কামরুল ইসলাম, চায়নার ছেলে সোহান, জফের আলীর ছেলে মাহবুল ইসলাম, মেহেরপুর সদরের বামুন পাড়ার মজিবর রহমানের ছেলে সুমন হোসেন, সুরাত আলীর ছেলে জাকিরুল ইসলাম, দৌওলতপুর উপজেলার খলিসাকুন্ডি গ্রামের জবেদ আলীর ছেলে জীবন আহমেদ, হজরত আলীর ছেলে এনামুল হক।

উজ্জল হোসেনের স্ত্রী সাগরিকা জানান, আমার পিতার নিকট থেকে জমি বন্দুক ও আমার মামার কাছ থেকে ধার নেওয়া ও আমার শ্বশুর জামাল হোসেন বিভিন্ন ব্যক্তির নিকট থেকে ধার করে সর্বমোট ৬ লক্ষ টাকা আদম দালাল নাহিদকে দিয়ে আমার স্বামীকে সৌদি আরবে পাঠানো হয়েছে।

কিন্তু তার স্বামী উজ্জল হোসেন সৌদি আরবে পৌছানোর মাত্র ১০ দিন পর মোবাইল ফোনে কান্নাকাটি ও অনাহার এবং কোম্পানি ভূয়া ও কোন কাজ না পাওয়ার বিষয়টি জানায়।

উজ্জল হোসেন মোবাইল ফোনে জানায়, তার এলাকার ৫জনসহ আরো বিভিন্ন এলাকার মোট ১৭জন গত দুই মাস ধরে অনাহারে অর্ধাহারে বন্দি জীবন যাপন করছে। বর্তমানে তিন বেলা খাবারও জুটছে না তাদের কপালে।

সে আরও বলেন, ধর্মচাকী গ্রামের আদম দালাল আবু তাহেরের অফিসের মাধ্যমে তারা সৌদি আরবে গিয়েছে।

এব্যাপারে অভিযুক্ত হিজলবাড়িয়া গ্রামের আদম দালাল নাহিদ জানান, আমি আমার গ্রামের ৫জনকে সৌদি আরবে পাঠিয়েছি, একটু সমস্যা হয়েছে তবে তাদের যে কাজ দেওয়া হয়েছে তারা সে কাজ করছে না তাই একটু অসুবিধা হয়েছে।

সৌদি আবরে বসবাসরত ইন্ডিয়ার দালাল বাদশা সে নাকি সৌদি আরব থেকে পালিয়ে গেছে যে কারণে বন্দি যুবকরা কাজ পায়নি এমন প্রশ্নের জবাবে আদম দালাল নাহিদ বলেন, তার মা মারা গেছে সে বাড়ীতে গেছে আগামীকাল আবার সৌদি আরবে চলে আসবে। তখন কোন সমস্যা হবে না।
এ ব্যাপারে বিশ্বাস ট্রেড ইন্টারন্যাশনাল এর চেয়ারম্যান আবু তাহের মোবাইল ফোনে বলেন, আমি ১১২জনকে সৌদি আরবে পাঠিয়েছি তারা সকলেই কাজ পেয়েছে তবে এই ১৭জন জোট করে কাজ করছে না।

তারা যেহেতু টাকা দিয়েছে মাত্র তিন লক্ষ তাই তাদের ক্লিনারের কাজ দিতে পারছি না। তাছাড়া ক্লিনারের কাজ বন্ধ হয়ে গেছে। তবে ভুক্তগোগী টুকু তাহেরের সাথে মোবাইল ফোনে কথা বলার সময় জানায় সে ৬ লক্ষ টাকা দিয়েছে। তবে বেশী টাকা নিলে নাাহদ নিতে পারে আমি মাত্র তিন লক্ষ টাকা নিয়েছি।
এক পর্যায়ে তাহের আলী জানান, আমার সরকার অনুমোদিত লাইসেন্স আছে আমি চিটার না আমার লাইসেন্স নং- ১৩৭৪। মেহেরপুর জেলার আমারই শুধু লাইসেন্স আছে। ওরা যদি দেশে ফিরেও আসে তবে আমি দরকার হলে টাকা ফেরত দেব।

এবিষয়ে গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, প্রবাশীদের সমস্যার সমাধানে জেলা পুলিশ সুপারের কার্যালয়ে প্রবাসী কল্যাণ হেল্প রয়েছে সেখানে অভিযোগ করলে মানুষ উপকৃত হতে পারে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে জয়িতাদের সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠিত

বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উদযাপন উপলক্ষে মেহেরপুরের গাংনীতে জয়িতাদের সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০টার দিকে দিবসটি উপলক্ষে আলোচনা সভা শুরুর আগে মানব বন্ধন করেছে অনুষ্ঠানটির আয়োজক উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়।

পরে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

উপজেলা ভূমি কর্মকর্তা ইয়ানুর রহমানের সভাপতিত্বে ও মহিলা বিষযক কর্মকর্তা নাসিমা খাতুনের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী থানার ভার প্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) সাজেদুর রহমান,

মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম, উপজেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি ও সন্ধানী সংস্থার নির্বাহি পরিচালক মহাঃ আবু জাফর, উপজেলা যুবলীগের সভাপতি মোঃ মোশাররফ হোসেন প্রমুখ।

আলোচনা শেষে পাঁচজন জয়িতা এ উপজেলার চিৎলা গ্রামের মোঃ গোলাম ফারুকের স্ত্রী মোছাঃ লূৎফন্নাহার শিল্পী, পূর্ব মালসাদহ গ্রামের মিজানুর রহমানের স্ত্রী মোছাঃ আশরাফুন্নেছা, কাজিপুর গ্রামের কাজি আঃ রাজ্জাকের স্ত্রী মোছাঃ পারভীন আকতার,

বামন্দী গ্রামের মৃত আঃ মজিদের স্ত্রী মোছাঃ রেহেনা খাতুন ও নিত্যানন্দপুর গ্রামের বেঞ্জামিন বিশ্বাসের স্ত্রী মিসেস যুথিকা বিশ্বাস এই পাঁচ জনের হাতে পুরুষ্কার তুলে দেন প্রধান অতিথি এম এ খালেক।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসন ও দুর্নীতি প্রতিরোধ কমিটির আয়োজনে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে সোমবার সকালে উপজেলা পরিষদের সামনে এক মানব বন্ধন অনুষ্ঠিত হয়।

মানব বন্ধন শেষে উপজেলা পরিষদের সভা কক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক। উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি ও সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক মহাঃ আবু জাফর এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ভূমি কর্মকর্তা মোঃ ইয়ানুর রহমান, গাংনী থানার ভার-প্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) সাজেদুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম, উপজেলা

যুবলীগের সভাপতি মোঃ মোশাররফ হোসেন, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক বলেন, দূর্নীতি একটা দেশকে পিছিয়ে দেয়। তাই আমাদের সকলকে দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান নিতে হবে। তিনি বলেন দূর্নীতি যদি আমিও করি আপনারা আমাকে ধরবেন আমি আপনাদের স্বাগত জানাব। জননেত্রী শেখ হাসিনা আমাদের দেশকে অনেক উন্নয়নের দিকে নিয়ে গেছে। আর এটা একমাত্র দূর্নীতির বিরোধী অবস্থান নেওয়ার কারণে হয়েছে।

আলোচনা সভায় উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি মহা: আবু জাফর বলেন, আগে নিজে সঠিক হোন দেখবেন দেশটা এমনিতেই ঠিক হয়ে গেছে দুর্নীতি মুক্ত হয়ে গেছে এবং দেশ উন্নয়নের দিকে চলে যাচ্ছে। তিনি আহবান করেন বর্তমান সরকার বড় বড় রাঘব বোয়ালদেরও ছাড় দিচ্ছেনা তাইতো আমাদের বাংলাদেশ আগের চাইতে অনেক উন্নয়ন লাভ করেছে। এ সময় উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা, সাংবাদিক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে জলাতঙ্ক নির্মুলে অবহিত করন সভা অনুষ্ঠিত

২০২২ সালের মধ্যে দেশে থেকে জলাতঙ্ক নির্মুলের লক্ষ্যে ব্যাপক হারে কুকুরের টিকাদান (এমডিভি) কার্যক্রম ২০১৯ বাস্তবায়নে উপজেলা পর্যায়ে অবহিত করন সভা অনুীষ্ঠত হয়েছে।

আজ রবিবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সম্মেলন কক্ষে
স্বাস্থ্য অধিদপ্তর রোগ নিয়ন্ত্রন শাখা এ অবহিত করন সভার আয়োজন করে।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ এম রিয়াজুল ইসলামের সভাপতিত্বে

প্রধান অতিথী হিসেবে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক। বিশেষ অতিথী ছিলেন, গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম,উপজেলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়ামিন।

এসময় গাংনী উপজেলার ৯ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান,স্বাস্থ্য সহকারি ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের বিষয়বস্তু তুলে ধরে বক্তব্য রাখেন এমডিভি সুপার ভাইজার মুক্তার উদ্◌্◌িদন ও একরামুদ্দিন । অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এমটি ইপি আই আব্দুর রশিদ।

- নিজস্ব প্রতিনিধি

এস এ গেমসে ব্রোঞ্জ পদক জিতলো গাংনীর মেয়ে নিলুফা

মেহেরপুর তথা বাংলাদেশের মুখ উজ্বল করলো গাংনীর মেয়ে নিলুফা।

নেপালে অনুষ্ঠিত এসএ গেমসে শুটিং ইভেন্টে ব্রোঞ্জ পদক জিতেছে নিলুফা। সে গাংনীর বিশিষ্ট ব্যবসায়ী ঢাকা ইলেকট্রনিকস এর সত্বাধিকারী রুহুল আমিন এর বড় মেয়ে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ৮ কেজি গাঁজা সহ দু’জন পাচারকারি আটক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর গ্রাম থেকে ৮ কেজি গাঁজা সহ দু’ মাদক পাচারকারিকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

শনিবার সকাল সাড়ে ৭টার দিকে কাজিপুর গোলাম বাজার থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো গাইবান্ধার গোবিন্দঞ্জ উপজেলার শ্রীতিপুর ছয়ঘরিয়া গ্রামের মোঃ ওয়ারেস মন্ডলের ছেলে মোঃ নয়ন মন্ডল (২৩) ও একই জেলার কয়া পাড়ার দক্ষিন ঘলিয়া এলাকার মো: শাহ জামালের ছেলে শাহ মুসলিম ওরফে তামিম (২৪)।

গাংনী থানা সুত্রে প্রকাশ, গোপন সংবাদের ভিত্তিতে পিরতলা পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই অজয় কুমার সঙ্গীয় ফোর্স নিয়ে কাজিপুর গ্রামের গোলামবাজার এলাকায় দুজন মাদক পাচার কারি গাড়ির জন্য অপেক্ষা করছে এমন সংবাদে তাদের আটক করে।

এ সময় পাচারকারিদের নিকট থাকা ২টি ট্রাভেল ব্যাগে প্রতিটিতে ৪ কেজি করে ৮ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

ওসি ওবাইদুর রহমান জানান, আটককৃতরা ঢাকায় মাদক পাচারের উদ্দেশ্যে অপেক্ষা করছিল। এমন সয়ম আমাদের পুলিশ তাদের আটক করে। আটককৃতদের বিরুদ্ধে মাদক আইনে মামলা দিয়ে মেহেরপুর কোর্টে প্রেরণ করা হবে।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে মিথ্যা মামলার অভিযোগ তুলে সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনীতে মিথ্যা মামলার অভিযোগ তুলে সংবাদ সম্মেলন করেছে করমদি গ্রামের মৃত আফেল উদ্দিনের ছেলে মিন্নাত আলী।

গতকাল শুক্রবার বিকালে প্রেস হাউজের নিজস্ব অফিস কক্ষে তিনি সংবাদ সম্মেলনে স্ব-স্বাক্ষরিত লিখিত বক্তব্য পাঠ করেন।

ভুক্তভোগী আব্দুল হান্নানের সহোদর ভাই করমদি গ্রামের মৃত আফেল উদ্দিনের ছেলে মিন্নাত আলী অভিযোগ তুলে সংবাদ সম্মেলনে জানান, তার ভাই আব্দুল হান্নানকে গাংনী থানা পুলিশের এস আই মেজবাহুর

রহমান গ্রামের কিছু কু-অভিসন্ধি পরায়ন ব্যক্তিদের দ্বারা প্রভাবিত হয়ে নিষিদ্ধ মাদক ফেন্সিডিল মামলায় জড়িত করেছে।

লিখিত বক্তব্যে তিনি বলেন, আমার ভাই এ ধরনের কোন অন্যায় ও অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত না। গত ০২/১১/২০১৯ ইং তারিখে আমাদের গ্রামের করমদি সাহাজিপাড়ার আমজাদ হোসেন শাহের ছেলে মিন্টু আলী শাহকে পুলিশ আটক করেন। মিন্টুর উদ্ধৃতি দিয়ে পরে আমার সহোদর ভাই আব্দুল হান্নানকে গ্রেফতার করে পুলিশ।

মামলা নং-০৪ তারিখঃ ০২/১২/২০১৯ ইং ধারা- ২০১৮ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ /আইনের ৩৬ (১) সারণীয় ১৪ (গ) /৪১ তে নাম লিপিবন্ধ করেছেন। যা সম্পুর্ণ মিথ্যা ও বানোয়াট।

তিনি সংবাদ সম্মেলনের মাধ্যমে তার সহোদর ভাইয়ের বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলার জোর প্রতিবাদ জানিয়েছেন।

তিনি সংবাদিকদের আরো জানান, ইতিপূর্বে গাংনী থানার পুলিশ আমার ভাই আব্দুল হান্নানের বিরুদ্ধে অস্ত্র ও গাঁজার একটি মিথ্যা মামলা দিয়েছে যা সম্পুর্ণ মিথ্যা।

ওই মামলায় আমার ভাইকে জড়িত করায় আমার ভাই কয়েকজন পুলিশ সদস্যদের বিরুদ্ধে আদালতে অভিযোগ দায়ের করেন যাহা বর্তমানে আদালতে চলমান আছে।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে শীতের সবজির দাম কমলেও বেড়েছে ভৈজ্য তেলের দাম

টানা কয়েক সপ্তাহ সবরকম সবজির দাম বাড়তি থাকলেও এ সপ্তাহের মেহেরপুরের গাংনী তরকারি বাজার ঘুরে দেখা গেছে সবজির দাম নি¤œমুখি। এদিকে দাম বেড়েছে ভৈজ্য তেলের দাম।

পেয়াজের দামও গত সপ্তাহের চেয়ে কেজি প্রতি ২০ টাকা করে কমে

বিক্রি হচ্ছে দেশি পেয়াজ ১শ’৮০ টাকা মিশরের পেয়াজ বিক্রি হচ্ছে ১শ’৬০ টাকা। ফুলকপি গত সপ্তাহে প্রতি কেজি বিক্রি হতো ৬০ টাকা করে তা এ সপ্তাহে দাম কমে ৪০ টাকা করে বিক্রি হচ্ছে।

টমেটো ছিল কেজি প্রতি ৮০ থেকে ১শ টাকা পর্যন্ত এ সপ্তাহে তার দাম কেজি প্রতি ৬০ টাকা বিক্রি হচ্ছে। তাছাড়া কাচা মরিচ রশুনের দাম অপরিবর্তিত রয়েছে। গত সপ্তাহে কাচা মরিচ বিক্রি হয়েছে ৪০ টাকা কেজি ও রশুন ২শ’টাকা কেজি।

এদিকে নতুন আলুর দামও গত সপ্তাহর চাইতে কেজি প্রতি ৩০ টাকা কমে কেজি প্রতি বিক্রি হচ্ছে ৫০ টাকা করে পুরাতন আলু ৫টাকা কমে কেজি প্রতি বিক্রয় হচ্ছে ৩০ টাকা করে।

গাজর গত সপ্তাহে বিক্রি হয়েছে কেজি প্রতি ৭০ টাকা তা কমে এ সপ্তাহের দাড়িয়েছে ২০ টাকা করে। এদিকে আদার দাম অপরিবর্তিত রয়েছে আদা কেজি প্রতি বিক্রি হচ্ছে ১শ’৬০ টাকা দরে।

শীত মৌসুমে শীতের সবজির দাম কম হবে এটাই স্বাভাবিক তবে কয়েকজন ক্রেতা জানিয়েছেন দাম আরও কম হওয়া উচিৎ। বিক্রেতারা বলেন শীতকালিন সবজি ওঠা শুরু করেছে আগামী সপ্তাহে এর দাম আরও কমবে।

এদিকে সব ধরণের মাংস মাছের দাম গত সপ্তাহের মতো থাকলেও েেবেড়ছে ভৈজ্য তেলের দাম। সোয়াবিন তেল গত সপ্তাহে ছিল লিটার প্রতি ৯০ টাকা এ সপ্তাহের লিটার প্রতি দাম বেড়ে দাড়িয়েছে ৯৩ টাকা।

- গাংনী প্রতিনিধি

গাংনীর বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয়ে প্রতিবন্ধী দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনা

সভা

মেহেরপুরের গাংনী উপজেলার বাওট বাধা গ্রস্থ শিশু বিদ্যালয়ে জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনাসভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় চত্বর থেকে একটি র্যালী বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

র্যালী শেষে বিদ্যালয় চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান প্রধান অতিথী হিসেবে বক্তব্য রাখেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুন্নাহারের সভােপিত্ব বক্তব্য রাখেন উপজেলা সমাজ সেবা অফিসার তৌফিকুর রহমান, সিআরসি সংস্থার পরিচালক এনামুল হক সহ অন্যান্যরা।

প্রতিবন্ধী ও বিভিন্ন শ্রেণিপেশার মানুষ আলোচনা সভায় অংশ গ্রহন করে।

- গাংনী প্রতিনিধি